শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি

ভাতশালা, শেরপুর।

Telephone No-02-998813262, E-Mail-sherpurpbs@yahoo.com, WEB: www.pbs.sherpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৯৮৮.৫৬৩.০২.০০৮.২৫. ১০৬৬ তারিখ : ০৯ চৈত্র' ১৪৩১ বঙ্গাব্দ
২৩ মার্চ' ২০২৫ খ্রিষ্টাব্দ

# " নিয়োগ বিজ্ঞপ্তি"

শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূণ্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| পদের নাম | পদের সংখ্যা | বয়স সীমা | বেতন ও অন্যান্য ভাতা | শিক্ষাগত/প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থী গণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| **ড্রাইভার** | ০১ (এক) টি (কম/ বেশি হতে পারে) | ১৫/০৪/২০২৫খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৪৫ বছরের মধ্যে থাকতে হবে। | পবিস বেতন কাঠামো ২০১৬ (সংশোধিত - ২০২১) অনুযায়ী বেতন স্কেল ১৬,৬০০.০০ হতে ৪১,৯৫০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী বাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | (ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লেখা ও পড়াসহ নূন্যতম ইংরেজি শব্দ ও সংখ্যা পড়তে সক্ষম হতে হবে। নির্দেশিকা, সাংকেতিক চিহ্ন বুঝা, পুর্ন প্রতিবেদন ও সময় সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ থাকতে হবে এবং লগ বই পূরণের সক্ষমতা থাকতে হবে।<br>(খ) প্রার্থীর বিআরটিএ হতে প্রদত্ত বৈধ হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্সের সত্যায়িত কপি আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।<br>(গ) কোন সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্টান /বড় শিল্প কারখানা/বানিজ্যিক প্রতিষ্ঠানে হালকা যানবাহন চালনার ও রক্ষণাবেক্ষণ কাজে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা (যা ড্রাইভিং লাইসেন্স ইস্যুর তারিখ হতে গণনা করা হবে) থাকতে হবে। বিগত ০৩ (তিন) বছরে বড় ধরনের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদত্ত প্রত্যয়নপত্র থাকতে হবে।<br>(ঘ) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, নম্র, সুস্বাস্থ্য ও সন্তোষজনক ব্যক্তিত্বের অধিকারী হতে হবে।<br>(ঙ) বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষ কর্তৃক প্রার্থীকে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় যানবাহন চালনা, ছোট ধরনের ইঞ্জিন রিপিয়ারিং, টিউনআপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান সম্পর্কে যাচাই করা হবে।<br>(চ) পবিস এর অনুমোদিত ডাক্তার কর্তৃক প্রার্থীর চোখের দৃষ্টি পরীক্ষাসহ স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | শেরপুর (সমগ্র) এবং জামালপুর জেলার জামালপুর সদর উপজেলার লক্ষীরচর ও তুলসীচর ইউনিয়নের স্থায়ী বাসিন্দা ব্যতিত অন্যান্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

শর্তাবলীঃ-

০১। উল্লেখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট www.pbs.sherpur.gov.bd হতে এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট www.reb.gov.bd হতে A4 সাইজের কাগজে নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক সংগ্রহ করতে হবে (পূরণ যোগ্য প্রবেশ পত্রসহ)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে যথাযথ ভাবে পূরণ পূর্বক **জেনারেল ম্যানেজার, শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যেকোন তফছিলি ব্যাংক হতে ৫০.০০ (পঞ্চাশ মাত্র)** টাকা মূল্য মানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ক্রসড পোস্টাল অর্ডার আবেদন পত্রের সাথে সংযুক্ত পূর্বক আগামী **১৫/০৪/২০২৫** খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে **জেনারেল ম্যানেজার, শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, ভাতশালা**, শেরপুর ঠিকানায় প্রয়োজনীয় কাগজপত্রসহ ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। সাদা কাগজে লিখিত বা সরাসরি টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

**০২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে (১ম শ্রেনির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে):**

ক) ছবির পিছনে প্রার্থীর নাম লিখা সম্বলিত সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসা পত্র গ্রহণযোগ্য নয়)।

গ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।

ঘ) স্থায়ী ঠিকানার সমর্থনে স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঙ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

চ) যেকোন তফসিলী ব্যাংক হতে শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ৫০.০০ (পঞ্চাশ) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ক্রসড পেস্টাল অর্ডার।

ছ) প্রার্থীর বিআরটিএ হতে প্রদত্ত বৈধ হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্সের সত্যায়িত কপি আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।

**চলমান পাতা-২**

০৩। ১৫/০৪/২০২৫খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে থাকতে হবে।

০৪। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদন পত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবদেনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে ''প্রযোজ্য নয়'' উল্লেখ করতে হবে।

০৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা নিজ জেলাসহ আবেদন পত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৬। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য **''অন-প্রবেশনে''** নিয়োগ প্রদান করা হবে। তবে শর্ত থাকে যে নিয়োগকারী কর্তৃপক্ষ বিধিবদ্ধ কারণ লিপিবদ্ধ করে উক্ত মেয়াদ প্রাথমিকভাবে অনুর্ধ ০৬ (ছয়) মাসের জন্য বৃদ্ধি করতে পারবে যা সর্বোচ্চ ০২ (দুই) বারের অধিক হবে না।

০৭। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/ পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, সন্তোষজনক বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৮। শেরপুর পবিস এর কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/ স্ত্রী অথবা উভয়ের (স্বামী/ স্ত্রী) রক্তের সম্পর্কীয় (First Blood) কারো আবেদন করার প্রয়োজন নেই। এছাড়া সমগ্র শেরপুর জেলা ও জামালপুর জেলার জামালপুর সদর উপজেলার তুলসীরচর ও লক্ষীরচর ইউনিয়নে স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। এ সংক্রান্ত যে কোন তথ্যের সত্যতা প্রমাণিত হলে যেকোন সময়ে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৯। প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১। অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। প্রতারণা করে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। লিখিত (নৈমিত্তিক ও রচনামূলক) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১৩। **খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।**

১৪। যে কোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌঃ মোঃ মাইনউদ্দীন আহমদ)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপিঃ সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি, বাপবিবো, ঢাকা-(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হল )
০৪। জেলা প্রশাসক, শেরপুর/জামালপুর।
০৫। পুলিশসুপার, শেরপুর/জামালপুর।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ জোন, বাপবিবোর্ড, ময়মনসিংহ।
০৭। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবোর্ড, জামালপুর।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার......................................পবিস-১ /২ /৩/৪।
০৯। ডিজিএম, (কারিগরী)/নালিতাবাড়ী/শ্রীবরদী/নন্দীর বাজার জোনাল অফিস, শেরপুর পবিস ।
১০। এজিএম (ওএন্ডএম/এমএস/ অর্থ/ইএন্ডসি), শেরপুর পবিস।
১১। এজিএম (আইটি), শেরপুর পবিস (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হল)।
১২। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (WEB: www.pbs.sherpur.gov.bd) শেরপুর পবিস।
১৩। অফিস কপি।

(প্রকৌঃ মোঃ মাইনউদ্দীন আহমদ)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

D:\ফিরুজ\সহকারী ক্যাশিয়ার ও অফিস সহায়ক\নিয়োগ সংক্রান্ত ড্রাইভার.doc

(ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১)

## শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর ড্রাইভার পদে লোকবল নিয়োগ লাভের/প্যানেলভুক্তি জন্য আবেদন ফরম।

(বিঃ দ্রঃ সংশ্লিষ্ট শূন্যস্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

(পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি এ ঘরে আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে)।

জেনারেল ম্যানেজার
শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
ভাতশালা, শেরপুর।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং:..................................

..........................................
২. আবেদনকৃত পদের নামঃ
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরনঃ...............

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম:..................................................................... ৫. প্রকাশের তারিখ:...............................

...................................................
৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

............................................
(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

...........................................
৭. জন্ম তারিখ
(এসএসসি/সমমান পরীক্ষার সনদ/জন্ম নিবন্ধন অনুযায়ী)

...................................................
৮. মাতার নাম

...........বছর/.........মাস/.........দিন
৯. বয়স (১৫/০৪/২০২৫ তারিখে)

...................................................
১০. পিতার নাম

.................................
১১. ধর্ম:

...................................................
১২. জাতীয়তা:

.................................
১৩. নিজ জেলা:

...................................................
১৪. টেলিফোন/মোবাইল নম্বর

১৫. বৈবাহি অবস্থা:

| | | | |
|---|---|---|---|
| বিবাহিত | | অবিবাহিত | |

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্ত (বক্সের ভিতর খালী অংশে টিক (√) চিহ্ন দিন):

| | | | | | |
|---|---|---|---|---|---|
| মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনা | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | | শারিরীক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ | |

১৭. স্থায়ী ঠিকানা:

...................................... ................................. .................................. ........................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৮. যে স্থায়ী ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক:

.................................. .............................. ............................. ........................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

(মোঃ ফিরোজ আলম মাহমুদ)
এজিএম (প্রশাসন)

১৯. ডিডি/পে-অর্ডার/পোস্টাল অর্ডার নং: ............................................................

২০. ডিডি/পে-অর্ডার/পোস্টাল অর্ডারের মূল্য: ............................................................

২১. ইস্যুর তারিখ: ............................................................

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| **উত্তীর্ণ পরীক্ষার নাম** | **শিক্ষা প্রতিষ্ঠানের নাম** | **সিজিপিএ/বিভাগ/শ্রেণি** | **সার্টিফিকেট অর্জনের বছর** |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদপত্র দ্বারা সমর্থিত হতে হবে):

| **ক্রমিক** | **ইতিপূর্বে কর্মরত পবিসের/প্রতিষ্ঠানের নাম** | **চাকুরীর সময়কাল (হতে-পর্যন্ত)** | | **প্রথম যোগদানের তারিখ** |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

২৪. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দুই জন দায়িত্বশীল ব্যাক্তির পরিচয় (রক্ত সম্পর্কীয় আত্মীয় ব্যতীত):

| **নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)** |
|---|
| ১। |
| ২। |

**আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।**

............................................

**তারিখ**

............................................

**আবেদনকারীর স্বাক্ষর**

(মোঃ ফিরোজ আলম মাহমুদ)
এজিএম (প্রশাসন)
শরপুর পবিস

শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
ভাতশালা, শেরপুর।

(পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি এ ঘরে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্টেপলার পিন দ্বারা আটকিয়ে দিতে হবে)।

## লিখিত (এমসিকিউ/রচনামুলক) ও মৌখিক পরীক্ষার

# প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর: ......................................................................................................

পরীক্ষার তারিখ: ......................................................................................................

পরীক্ষার সময়: ......................................................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম: ......................................................................................................

ঠিকানা ......................................................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তাঁর মনোনীত প্রতিনিধির স্বাক্ষর..................................................

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম: ......................................................................................................

প্রার্থীর নাম: ......................................................................................................

পিতার নাম: ......................................................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক: ..........................................................................

......................................................................................................

......................................................................................................

ফোন/মোবাইল নম্বর: ......................................................................................................

(মোঃ ফিরোজ আলম মাহমুদ)
এজিএম (প্রশাসন)

## প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সঙ্গে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া কোনক্রমেই পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্তত ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। উল্লেখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোঃ ফিরোজ আলম মাহমুদ)
এজিএম (প্রশাসন)
শেরপুর পবিস